W.B. Form No. 27

# FIRST INFORMATION REPORT

3989 First Information of a cognizable crime reported under section 154 Cr. P. C. at PS

1. Dist. Purulia ..... Sub-Divn. Sadar ..... P.S. Women PS(S) Year 2022 FIR No. 39/22 Date 12/11/2022
2. i) Act I.P.C. ..... Sections 498A/323/307 ..... ii) Act 34 ..... Sections .....
iii) Act ..... Sections ..... iv) Other acts & Sections 3/4 D.P. Act
3. a) General Diary Reference : Entry No. 257 ..... Time 14.05 hrs
b) Occurrence of Offence : Day After few months of marriage and Lastly on Date 19/10/2022 at Time 11.00 P.M.
c) Information received Date 12/11/2022 ..... Time 14.05 hrs. ..... G.D. No. 257 ..... at the P.S.
4. Type of Information : Written / Oral Written in Bengali Type Court Complaint u/s- 156(3) CrPC Misc
5. Place of Occurrence : a) Direction and Distance from P.S. No- 167/22. Approx. 0.3 Kms South East from P.S
b) Address Digudihpara, Ward No-08, P.S- Purulia (T), Dist- Purulia
..... Beat No. .....
c) In case outside limit of this Police Station, then the name of P.S. ..... District .....
6. Complainant / Informant :
a) Name Nilufar Begum
b) Father's / Husband's Name Syed Julfakar, D/o- Md. Nazim Khan
c) Date / Year of birth 30 yrs. ..... d) Nationality Indian
e) Address Digudihpara, Ward No-08, P.S- Purulia (T), Dist- Purulia
7. Details of known/suspected /unknown/accused with full particulars
(Attach separate sheet, if necessary) : 1. Syed Julfakar (Husband) @ Chotu Ali, S/o- Syed Haidar Ali, 2. Syed Haidar Ali, S/o- Akbar Ali (Father in law) 3. Rabiya Bibi, W/o- Syed Haidar Ali (Mother in law) All of Digudihpara, Adhikary Road, Ward No-08, P.S- Purulia (T) Dist- Purulia 4. Niki Bibi W/o- Nowaz Khan 5. Nowaz Khan S/o- Not Known, both of Adra, Jharbagan, Old Kabar Sthan, P.S- Adra, Dist- Purulia
8. Reasons for delay in reporting by the complainant/informant .....
9. Particulars of properties stolen/involved : (Attach separate sheet, if required) : .....
10. Total value of properties stolen/involved .....
11. Inquest report/U.D. Case No., if any : .....
12. FIR Contents : (Attach separate sheet, if required) The original written Complaint of the Complainant treated as F.I.R is attached herewith.

13. Action taken : Since the above report reveals commission of offence(s) u/s. 498A/323/307/34 I.P.C. & 3/4 D.P. Act
registered the case and took up the investigation/directed ASI- Tarani Mondal ..... to take up the investigation/transferred to P.S. Women PS(S) Purulia ..... on point of jurisdiction. FIR read over to the Complainant/informant, admitted to be correctly recorded and a copy given to the Complainant/informant free of cost.

On the original written Complaint u/s- 156(3) CrPC of Complainant.
Signature / Thumb impression of the Complainant/informant

LSI Shiema Ghosh
Signature of the Officer-in-Charge, Police Station with
Name Shiema Ghosh
Rank of LSI Purulia (S) Women PS.
Number if any Dtd- 12/11/2022

Officer-in-Charge
Women P.S. Purulia (W.B.)

5 রু. Rs.5 COURT FEE INDIA FIVE RUPEES

IN THE COURT OF CHIEF JUDICIAL MAGISTRATE 07 NOV 2022 PURULIA

Nilufar Begum

IN THE COURT OF CHIEF JUDICIAL MAGISTRATE 07 NOV 2022 PURULIA

07/11/22

Allowed. 7/11/22

প্রতি
চিফ্ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, পুরুলিয়া ।

মিস পিটিশন নং 167 ২০২২
আন্ডার সেকশন ১৫৬(৩) সি. আর. পি. সি ।

WOMEN POLICE STATION (SADAR) · PURULIA ·

**অভিযোগকারীনির নাম ও ঠিকানা ঃ-**

নিলুফার বেগম পিতা মহঃ নাজির খান স্বামী সৈয়দ জুলফাকার আলি ওরফে ছোটু, বয়স ৩০ বছর ।

বর্তমান ঠিকানা ডিগুডি পাড়া, ওয়ার্ড নং ৮, পোঃ- পুরুলিয়া, থানা পুরুলিয়া (টাউন), জেলা পুরুলিয়া (পঃবঃ) ।

**অভিযুক্তের নাম ও ঠিকানা ঃ-**

১) সৈয়দ জুলফাকার আলি ওরফে ছোটু পিতা সৈয়দ হায়দার আলি ।

২) সৈয়দ হায়দার আলি পিতা আকবর আলি

৩) রবিয়া বিবি স্বামী সৈয়দ হায়দার আলি

৪) নিকি বিবি স্বামী নওয়াজ খান

৫) নওয়াজ খান পিতার নাম জানি না ।

নং ১,২,৩ ঠিকানা ডিগুডি পাড়া, জে.কে. অধিকারী রোড, ওয়ার্ড নং ৮ পোঃ-পুরুলিয়া, থানা পুরুলিয়া (টাউন), জেলা পুরুলিয়া (পঃবঃ), নং ৪ ও ৫ এর ঠিকানা আদ্রা ঝরিয়াডি, পুরানো কবরস্থান, থানা আদ্রা, জেলা পুরুলিয়া (পঃবঃ)।

**ঘটনার দিন ও সময় ঃ-**

১৯/১০/২০২২ রাত্রি ১১.০০ টা

**ভারতীয় দন্ডবিধি আইনের নিম্নোক্ত ধারা প্রযোজ্য ঃ**

Received a type written court complaint on 12/11/22 at 14.05 hrs and started Purulia (S) Women PS Case No - 37/22, dtd- 12/11/22, u/s- 498A/ 323/ 307/34 IPC & 3/4 D.P Act.

12/11/22
Officer-in-Charge
Women P.S. Purulia (W.B.)

পরের পাতা ....../২

উক্ত অভিযোগ পুরুলিয়া সদর মহিলা থানার বড়বাবুর নিকট পাঠাইয়া তদন্ত সাপেক্ষে সরজমিন তদন্ত মতে সাক্ষি সাপেক্ষে বিহীত আইন মোতাবেক ব্যবস্থা গ্রহন করিয়া উপরোক্ত নাম বর্নিত অভিযুক্তগনের বিহীত ব্যবস্থা গ্রহনের আজ্ঞাদানে মর্জ্জি হয় ।

মহাশয়,

আপনার নিকট আমার বিনীত নিবেদন এই যে, আমি নিলুফার বেগম পিতা মহঃ নাজির খান ডিগুডি পাড়া, ওয়ার্ড নং ৮, জেলা পুরুলিয়ার একজন বাসিন্দা । গত ইং ১৭/০১/২০১৮ তারিখ পুরুলিয়া শহরের ডিগুডি পাড়ার বাসিন্দা সৈয়দ হায়দার আলির ছেলে জুলফাকার আলি ওরফে ছোটুর সাথে মুসলিম শোরিয়েত অনুযায়ী বিবাহ হয় । বিবাহের সময় আমার বাবা আমার শ্বশুরবাড়ীর লোকেদের দাবীমত নগদ ১,৬০,০০০/- (এক লক্ষ ষাট হাজার) টাকা , সোনার গয়না, বাসনপত্র ইত্যাদি দেয় । বিবাহের পর আমি শ্বশুরবাড়ী যাই ও কিছুদিন ভালোভাবে থাকি । কয়েকমাস পর আমার শ্বশুরবাড়ীর লোকেরা আমাকে আমার বাবার কাছ থাকে আরোও ৪০,০০০/- টাকা (চল্লিশ হাজার টাকা) দাবী করে এবং আমার বাবা অনেক কষ্ট করে অতিরিক্ত পনের টাকা দেয় । বিবাহের ফলে আমাদের কোন বাচ্চা না হওয়াতে আমার শ্বশুরবাড়ীর লোকেরা ১) আমার স্বামী জুলফাকার আলি ওরফে ছোটু ২) আমার শ্বশুর সৈয়দ হায়দার আলি ৩) আমার শ্বাশুড়ী রবিয়া বিবি ৪) আমার ননদ নিকি বিবি স্বামী নওয়াজ খান ও ৫) আমার নন্দাই নওয়াজ খান এরা সকলে মিলে আমাকে শারিরীক ও মানষিক নির্যাতন করে । আমি অনেক কষ্টে শ্বশুরঘর করার চেষ্টা করি কিন্তু সকলে মিলে আমাকে মারধোর করে । প্রকাশ থাকে যে আমার ননদ ও নন্দাই আদ্রাতে থাকে কিন্তু ডিগুডি মাঝে মধ্যেই আসে ও আমার সাথে কারনে অকারনে ঝগড়া-ঝাটি করে । মহাশয়া আমাকে শ্বশুর বাড়ীতে চাকরানীর মতো ব্যবহার করতো । গত ইং ২৮/৪/২০২০ তারিখে আমার শ্বশুর বাড়ীর লোক আমাকে মারধোর করে তাড়িয়ে দেয় । আমি বাধ্য হয়ে বাপের বাড়ীতে আশ্রয় নিই । আমার বাবার বাড়ী ও শ্বশুর বাড়ী একই পাড়ায় । আমি গত ইং ১৬/০৯/২০২২ তারিখে উকিলবাবু মারফত আমার স্বামীকে একটি চিঠি পাঠাই এবং আমার স্বামী চিঠি পেয়ে আমাকে শ্বশুর বাড়ী নিয়ে যায় ।

পরের পাতা ............/৩

// ৩ //

সেখানে আমাকে দু-একদিন ভালোভাবে রাখার পর আরোও বাপের বাড়ী থেকে টাকা নিয়ে আসতে বলে। আমি ওদের কথা না শুনলে আমার শ্বশুর বাড়ীর সকলে মিলে আমাকে প্রাণে মারার চক্রান্ত করে এবং গত ইং ১৯/১০/২২ তারিখ রাত্রি ১১ টার সময় আমার স্বামী, আমার শ্বশুর ও শ্বাশুড়ীর কথায় আমার মুখে বালিশ চাপা দিয়ে শ্বাসরোধ করে প্রাণহানীর চেষ্টা করে, আমি কোনরকমে চিৎকার করে সেখান থেকে পালিয়ে রাত্রিতেই বাপের বাড়ি চলে আসি। মহাশয়া আমি গত ইং ২০/১০/২০২২ তারিখে পুরুলিয়া সদর মহিলা থানায় লিখিত অভিযোগ দিই কিন্তু পুরুলিয়া সদর মহিলা থানায় সেটি নেয়নি বলে গত ইং ২১/১০/২০২২ তারিখ অভিযোগটি রেজেষ্ট্রি করে পাঠাই তারপর গত ইং ২৮/১০/২০২২ তারিখ সুপারিনটেন্ডেন্ট অফ্ পুলিশ পুরুলিয়াকে জানাই কিন্তু এখনও পর্যন্ত কোনরূপ আইনী সহায়তা পাইনি ও এখনও পর্যন্ত পুলিশ কোন কেস করেনি বা কোনরূপ তদন্ত হয় নাই।

অতএব মহাশয়ার নিকট আমার বিনীত নিবেদন এই যে, ঘটনাটির তদন্ত করিয়া দোষী ব্যাক্তিদের আইনত শাস্তি হয় তার বিহীত ব্যবস্থা করিবেন। আমি বাংলা লিখতে না জানায় ঘটনাটি টাইপ করে আপনাকে জানালাম।

তাই হুজুর সমীপে শরনাপন্ন হইয়া উপযুক্ত বিচার প্রার্থনায় এই অভিযোগ দায়ের করিলাম। হুজুর উপরোক্ত ঘটনা পুরুলিয়া সদর মহিলা থানার বড়বাবুর নিকট পাঠাইয়া এফ. আই. আর মানিয়া তদন্ত সাপেক্ষে সরজমিন তদন্ত মতে বিহীত আইন মোতাবেক ব্যবস্থা গ্রহনের আজ্ঞাদানে মর্জ্জি হয়।

**সত্যাখ্যান ঃ**

উপরোক্ত ঘটনা আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য মাজিয়া সুস্থ শরীরে, সাবলীল মনে, সরল অন্তঃকরনে কাহারো প্ররোচনায় প্ররোচিত না হইয়া নির্ভিক চিত্তে অভিযোগের তত্ত্বজ্ঞাত হইয়া এই সত্যাখ্যানে স্বাক্ষর করিলাম।

Nilufar Begum

স্বাক্ষর

**সংযুক্তি ঃ**

১) রেজেষ্ট্রির রিসিট তারিখ ২১/১০/২০২২ যাহাতে অভিযোগ পত্রটি পুরুলিয়া সদর মহিলা থানায় পাঠানো হয়েছিল, আসল কপি - (১) কপি।

২) লিখিত অভিযোগ পত্রের প্রতিলিপি যাহার তারিখ ২০/১০/২০২২ যেটি পুরুলিয়া সদর মহিলা থানার অফিসার ইন্ চার্জ-কে পাঠানো হয়েছিল, (১) কপি।

৩) লিখিত অভিযোগপত্র যাহা সুপারিনটেনডেন্ট অফ্ পুলিশ পুরুলিয়াকে দেওয়া হয়েছিল, যার তারিখ ২৮/১০/২০২২ (১) কপি।

মোট - তিন (৩) কপি।

পরের পাতা ........../৪